গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খঘ ২৪৯০০৪৯

# সোনালী ব্যাংক লিমিটেড (SBL),

# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

**এবং**

# অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**এর মধ্যে সম্পাদিত**

# সমঝোতা স্মারক
**(Memorandum of Understanding)**

**বিষয়: বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান**



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খঃ ২৪৯০০৫০

এই সমঝোতা স্মারকটি অদ্য রোজ বৃহস্পতিবার, ১৪২৭ বঙ্গাব্দ এর ফাল্গুন মাসের ১২ তারিখ মোতাবেক ২০২১ খ্রিষ্টাব্দ এর ফেব্রুয়ারি মাসের ২৫ তারিখে নিম্নবর্ণিত পক্ষগণের মধ্যে স্বাক্ষরিত হল।

**The Bangladesh Bank (Nationalization) Order 1972** (মহামান্য রাষ্ট্রপতির ১৯৭২ সালের ২৬ নং আদেশ) বলে প্রতিষ্ঠিত সোনালী ব্যাংক পরবর্তীতে **সোনালী ব্যাংক লিমিটেড (SBL)**

.......................... প্রথম পক্ষ,

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় **The Agricultural University Ordinance, 1961(East Pakistan Ordinance) (Ordinance No. XXVIII of 1961)** দ্বারা গঠিত **বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ পরবর্তীকালে ১৯৭২ সনে "এডাপটেশন অব ইউনিভারসিটি ল'জ" অধ্যাদেশ বলে এর নামকরণ করা হয় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়**

......................... দ্বিতীয় পক্ষ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে- **অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

............................ তৃতীয় পক্ষ

যেহেতু, পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের শিক্ষক/কর্মচারীদের ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদানের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৬.১২.২০১৯ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ নং পরিপত্রে পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের শিক্ষক/কর্মচারীদের ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত নীতিমালা জারী হয়েছে , এবং

যেহেতু, নীতিমালা অনুযায়ী পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের শিক্ষক/কর্মচারীদের ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদানের ক্ষেত্রে রাষ্ট্রমালিকানাধীন তফসিলী ব্যাংক এবং বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনকে বর্ণিত ঋণ প্রদানের কার্যক্রমটি পরিচালনার জন্য বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে মনোনীত করা হয়েছে, এবং

যেহেতু, দ্বিতীয় পক্ষ **বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়** কর্তৃপক্ষ, শিক্ষক/কর্মচারীদের কল্যাণার্থে ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ গ্রহণের লক্ষ্যে সোনালী ব্যাংক লিমিটেডকে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে নির্ধারণ করতে আগ্রহী, এবং

যেহেতু, উপরোল্লিখিত পরিপত্রের অনুচ্ছেদ-১০ মোতাবেক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের প্রয়োজনীয়তা/প্রাসঙ্গিকতা সৃষ্টি হয়েছে।



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খণ্ড ২৪৯০০৫১

সেহেতু, পক্ষগণ নিম্নলিখিত বিষয়ে একমত হয়ে এই সমঝোতা স্মারক (MoU) সম্পাদন করলঃ

১.০ <u>ঋণ আবেদন ও মঞ্জুরী সংক্রান্তঃ</u>

১.১ দ্বিতীয় পক্ষের আবেদনকারীগণকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৬.১২.২০১৯ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ নং-স্মারকে জারীকৃত নীতিমালার আলোকে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে প্রথম পক্ষের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সকল দলিল ও কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

১.২ ঋণ আবেদনকারী একক বা গ্রুপভিত্তিক বাড়ি (আবাসিক) নির্মাণ/জমিসহ তৈরী বাড়ি ক্রয় অথবা এককভাবে ফ্ল্যাট ক্রয়ের জন্য ঋণ সুবিধা গ্রহণ করতে পারবেন এবং এই সমঝোতা স্মারকের শর্তাবলীর অধীনে তাঁকে ঋণ পরিশোধ করতে হবে।

১.৩ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নক্সা এবং বিধি মোতাবেক ফ্ল্যাট/বাড়ি নির্মাণ করতে হবে এবং ঋণের জন্য প্রস্তাবিত ভূমি ও বাড়ি/ফ্ল্যাট সম্পূর্ণ দায়মুক্ত হতে হবে।

১.৪ আবেদনকারীকে পক্ষদ্বয় কর্তৃক যৌথভাবে নির্ধারিত প্রথম পক্ষের সংশ্লিষ্ট শাখা অফিসে আবেদন দাখিল করতে হবে এবং উক্ত অফিসের মাধ্যমে ঋণ প্রক্রিয়াকরণ সম্পন্ন হবে।

১.৫ প্রথম পক্ষ কর্তৃক নির্ধারিত ব্যাংকের শাখায় ঋণ আবেদনকারীর একটি হিসাব থাকতে হবে। উক্ত হিসাবের মাধ্যমে সংশ্লিষ্ট আবেদনকারীর বেতন/ভাতা/পেনশন এবং গৃহ নির্মাণ বা ফ্ল্যাট ক্রয়ের ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে যা প্রথম পক্ষের পূর্বানুমতি ছাড়া অপরিবর্তনযোগ্য।

১.৬ আবেদনকারী ও দ্বিতীয় পক্ষের পারস্পরিক সুবিধা বিবেচনায় নিয়েঃ

i. প্রথম পক্ষ তাঁর নিজস্ব গৃহ নির্মাণ ঋণ প্রদান পদ্ধতি (Due diligence) অনুসরণ করে আবেদনকারীর গৃহ নির্মাণ ঋণের আবেদন প্রক্রিয়াকরণ করবে। তবে, সরকারি সংস্থা/কর্তৃপক্ষ কর্তৃক নির্মিত ফ্ল্যাটের ক্ষেত্রে বরাদ্দপত্রের উপর ভিত্তি করে ত্রিপক্ষীয় চুক্তির মাধ্যমে ঋণের আবেদন প্রক্রিয়াকরণ করা যাবে। সেক্ষেত্রে ফ্ল্যাটের নির্মাণ কাজের অগ্রগতির ভিত্তিতে মঞ্জুরীকৃত ঋণ ২ কিস্তিতে অর্থাৎ ৫০% বন্ধক প্রদানের পূর্বে এবং বন্ধক প্রদানের পর অবশিষ্ট ৫০% বিতরণযোগ্য হবে;

ii. কোন আবেদনকারীর আবেদন প্রথম পক্ষ কর্তৃক অনুমোদিত হলে প্রথম পক্ষ ঋণের সাময়িক অনুমোদন ও ঋণ পরিশোধের সিডিউল (Negotiated repayment schedule) প্রস্তুত করবে;



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

মোঃ [illegible] করিম
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর
সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

মোঃ [illegible]
রেজিস্ট্রার
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ।

[illegible] রহমান
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

iii. প্রথম পক্ষ উক্ত সাময়িক অনুমোদন ও ঋণ পরিশোধের সিডিউল (Negotiated repayment schedule) ঋণ আবেদনকারীকে প্রদান করবে (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে অনুলিপি প্রদানসহ) এবং ঋণ আবেদনকারী উক্ত সাময়িক অনুমোদন ও ঋণ পরিশোধের সিডিউল (Negotiated repayment schedule)সহ মঞ্জুরীপত্র জারী করার জন্য দ্বিতীয় পক্ষ বরাবর আবেদন করবে;

iv. দ্বিতীয় পক্ষ সাময়িক অনুমোদনের ভিত্তিতে উক্ত আবেদন যাচাই-বাছাই অন্তে ঋণ পরিশোধের সিডিউল (Negotiated repayment schedule) প্রতিস্বাক্ষরপূর্বক যথাযথ প্রক্রিয়ায় সাময়িক মঞ্জুরীর আদেশ জারী করবে।

v. সাময়িক মঞ্জুরী আদেশ প্রাপ্তির পর প্রথম পক্ষ গৃহ নির্মাণ ঋণের অর্থ বিতরণ করবে এবং চূড়ান্ত সিডিউল প্রস্তুত করে প্রতিস্বাক্ষরপূর্বক তা ঋণগ্রহীতা, দ্বিতীয় পক্ষ এবং অর্থ বিভাগ বরাবর প্রেরণ করবে।

vi. ঋণগ্রহীতা উক্ত ঋণ বিতরণ আদেশ ও চূড়ান্ত সিডিউলসহ দ্বিতীয় পক্ষের মাধ্যমে সুদ ভর্তুকির জন্য অর্থ বিভাগে আবেদন করবে। অর্থ বিভাগ ঋণ পরিশোধের চূড়ান্ত সিডিউল (Negotiated repayment schedule) যাচাই-বাছাই করে সরকার প্রদত্ত সুদ ভর্তুকির জন্য মঞ্জুরী আদেশ জারীপূর্বক সুদ ভর্তুকি প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।

১.৭

i. নীতিমালায় নির্ধারিত সর্বোচ্চ সিলিং ও প্রথম পক্ষ কর্তৃক Due diligence এর মাধ্যমে নিরূপিত পরিমাণ- এ দু'য়ের মধ্যে যা কম সে পরিমাণ ঋণ মঞ্জুর ও বিতরণ করা হবে। তবে ফ্ল্যাটের জন্য সিলিং নির্ধারণের ক্ষেত্রে ফ্ল্যাটের ক্রয়মূল্যের সাথে ফ্ল্যাট রেজিস্ট্রেশন ফিস অন্তর্ভুক্ত করা যাবে। ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে ঋণ প্রদানের জন্য ডেট (Debt) ইক্যুইটি (Equity) অনুপাত হবে ৯০:১০।

ii. আবেদনকারীর ঋণের প্রাপ্যতা এমনভাবে নির্ধারণ করতে হবে যাতে ঋণ গ্রহীতা কর্তৃক প্রদেয় (সরকার কর্তৃক প্রদেয় ভর্তুকি ব্যতীত) মাসিক কিস্তি (আসল ও সুদ) উত্তোলনযোগ্য বেতনের বেশী না হয়।

iii. বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণের সুদ হার হবে সরল সুদে সর্বোচ্চ ৯%। ঋণগ্রহীতা-বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মচারী ব্যাংক রেটের সমহারে সুদের অংশ পরিশোধ করবে। সুদের অবশিষ্ট অংশ সরকার ভর্তুকি হিসেবে প্রদান করবে।

iv. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে-অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় সুদের হার পুনঃনির্ধারণ করতে পারবে। **তবে, পুনঃনির্ধারিত সুদের হার কেবলমাত্র নতুন ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।**

v. আবেদনকারীকে গৃহ নির্মাণ ঋণ প্রাপ্তির জন্য প্রথম পক্ষকে কোন প্রকার প্রসেসিং ফিস অথবা আগাম ঋণ পরিশোধের ক্ষেত্রে কোন প্রকার অতিরিক্ত ফিস প্রদান করতে হবে না। তবে স্বত্ব রিপোর্টের জন্য সরকারি প্লটের ক্ষেত্রে ৩০০০/-(তিন হাজার) টাকা এবং বেসরকারি প্লটের জন্য ৪০০০/-(চার হাজার) টাকা সংশ্লিষ্ট কর্মচারীকে প্রদান করতে হবে।

১.৮ গৃহ নির্মাণ ঋণ মঞ্জুর হলে ঋণের টাকা গ্রহণের পূর্বে ঋণ গ্রহীতাকে যে সম্পত্তিতে ঋণ প্রদান করা হবে তা প্রথম পক্ষের অনুকূলে রেজিস্টার্ড দলিলমূলে বন্ধক প্রদান করতে হবে। তবে, বাস্তুভিটাতে (উত্তরাধীকার সূত্রে প্রাপ্ত এবং পুরুষানুক্রমে বসবাসরত ভূমি) বাড়ি করার ক্ষেত্রে ঋণগ্রহীতার মালিকানাধীন গৃহীত ঋণ অপেক্ষা কম মূল্যের নয় এমন অপর কোন সম্পত্তি বন্ধক প্রদান করা যাবে। সম্পত্তি বন্ধক প্রদানের যাবতীয় ব্যয়ভার ঋণগ্রহীতাকে বহন করতে হবে।

১.৯ মঞ্জুরীপত্রের শর্ত ও প্রথম পক্ষের নিয়মানুযায়ী বাড়ি নির্মাণ কাজের অগ্রগতির ভিত্তিতে একাধিক (সর্বোচ্চ ৪টি) কিস্তিতে ঋণের অর্থ বিতরণ করা হবে। তবে, সম্পূর্ণ তৈরি (Ready) ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে ফ্ল্যাটের মালিকানা ও বন্ধকী দলিল রেজিস্ট্রেশনের সময় সমুদয় ঋণ এক কিস্তিতে প্রদান করা যাবে।

১.১০ গৃহ নির্মাণ/ফ্ল্যাট ক্রয় ঋণের জন্য আবেদনকারী (বিশ্ববিদ্যালয় শিক্ষক/কর্মচারী)'র চাকুরী স্থায়ী হতে হবে।

১.১১ গৃহ নির্মাণ ঋণ প্রাপ্তির জন্য আবেদনকারীর বয়সসীমা হবে অবসরোত্তর ছুটিতে গমনের ০১(এক) বছর পূর্ব পর্যন্ত এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে-অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় প্রদত্ত সুদ ভর্তুকি অবসরোত্তর ছুটি ভোগের সর্বশেষ দিন পর্যন্ত প্রাপ্য।

১.১২ কোন শিক্ষক/কর্মচারীর বিরুদ্ধে কোন ধরনের অভিযোগ উত্থাপিত হলে এবং উক্ত অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট কোন আনুষ্ঠানিক তদন্ত শুরু করলে তা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এবং কোন ফৌজদারী/দুর্নীতির মামলার ক্ষেত্রে অভিযোগপত্র দাখিল হলে মামলার চূড়ান্ত নিষ্পত্তিতে নির্দোষ প্রমাণিত না হওয়া পর্যন্ত উক্ত শিক্ষক/কর্মচারী গৃহ নির্মাণ ঋণ গ্রহণের যোগ্য বলে বিবেচিত হবেন না।

১.১৩ বিশ্ববিদ্যালয়ে চুক্তিভিত্তিক, খন্ডকালীন, লিয়েন অথবা অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত কোন শিক্ষক/কর্মচারী এই সমঝোতা স্মারকের আওতায় গৃহ নির্মাণ ঋণ প্রাপ্তির যোগ্য হবেন না।

১.১৪ এই নীতিমালার আওতায় ঋণ গ্রহণ করেছেন এমন কোন শিক্ষক/কর্মচারীকে নিয়মিত মাসিক বেতন প্রাপ্তি এবং কিস্তি পরিশোধের ক্ষেত্রে অন্তরায় সৃষ্টিকারী কোন ছুটি মঞ্জুরীর পূর্বে দ্বিতীয় পক্ষকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং প্রথম পক্ষ বরাবর এই মর্মে নিশ্চয়তা প্রদান করতে হবে যে, সংশ্লিষ্ট ঋণগ্রহীতার গ্রহণকৃত ঋণের মাসিক কিস্তি পরিশোধের ক্ষেত্রে মঞ্জুরকৃত ছুটি কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করবে না।

২.০ <u>ঋণের হিসাবায়ন সংক্রান্তঃ</u>

২.১ প্রদত্ত ঋণের আসল (Principal), ঋণগ্রহীতা কর্তৃক প্রদেয় সুদ এবং ভর্তুকি বাবদ সরকার প্রদত্ত সুদ পৃথকভাবে প্রদর্শনপূর্বক প্রথম পক্ষ ঋণ পরিশোধের উপদেশপত্র ও ঋণ পরিশোধের সিডিউল প্রস্তুতপূর্বক তা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, দ্বিতীয় পক্ষ ও ঋণগ্রহীতা বরাবর জারী করবে। কোন উপযুক্ত কারণে সংশ্লিষ্ট পক্ষগণের সম্মতির ভিত্তিতে মাসিক কিস্তি পুনঃনির্ধারণ করার প্রয়োজন হলে পুনঃনির্ধারিত মাসিক কিস্তিতেই ঋণ পরিশোধ করতে হবে।

মোঃ ... করিম
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর
সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

মোঃ ... ইসলাম
রেজিস্ট্রার
... বিশ্ববিদ্যালয়

মোঃ ... রহমান
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২.২ ঋণগ্রহীতাগণকে ক্রমহ্রাসমান (Reducing Balance) আসল টাকার উপর বার্ষিক ৯% সরল সুদে ঋণ প্রদান করা হবে। এর মধ্যে ব্যাংক রেট এর সমহারে ঋণগ্রহীতা কর্তৃক প্রদেয় এবং সুদের অবশিষ্ট অংশ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক ভর্তুকি হিসেবে প্রদেয় হবে।

২.৩ কোন কারণবশতঃ মাসিক কিস্তি পরিশোধে বিলম্ব হলে বিলম্বের জন্য আরোপিত সুদ শেষ কিস্তির সাথে যুক্ত হবে।

৩.০ <u>ঋণ পরিশোধ করা সংক্রান্তঃ</u>

৩.১ ঋণ পরিশোধের মেয়াদকাল হবে সর্বোচ্চ ২০ (বিশ) বছর। গৃহ নির্মাণের ক্ষেত্রে প্রথম কিস্তির ঋণের অর্থ প্রাপ্তির সর্বোচ্চ এক (০১) বছর পর এবং ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে সর্বোচ্চ ছয় (০৬) মাস পর ঋণগ্রহীতা কর্তৃক মাসিক ঋণ (আসল+সুদ) পরিশোধ আরম্ভ হবে।

৩.২ প্রথম পক্ষের চাহিদা মোতাবেক নির্দিষ্ট ব্যাংকের নির্দিষ্ট শাখায় ঋণগ্রহীতাকে তাঁর মাসিক বেতনের হিসাব খুলতে হবে। ঋণগ্রহীতার মাসিক বেতন ও ভাতা এবং সরকার প্রদত্ত ভর্তুকি প্রথম পক্ষের চাহিদা এবং দ্বিতীয় পক্ষের প্রত্যয়নের ভিত্তিতে উক্ত ব্যাংক হিসাবে জমা হবে।

৩.৩ ঋণের কিস্তি ঋণ গ্রহীতার বেতন হিসাব হতে মাসিক ভিত্তিতে কর্তন করা হবে।

৩.৪ এই সমঝোতা স্মারকের সঙ্গে সংযুক্ত ঋণ পরিশোধের মডেল সিডিউল অনুযায়ী প্রতিটি ঋণ পৃথক হিসেবে কেইস-টু-কেইস ভিত্তিতে সুদ বাবদ সরকার প্রদত্ত মাসিক ভর্তুকির পরিমাণ অর্থ বিভাগের EMI Calculator ব্যবহার করে নির্ধারণ করা হবে। অর্থ বিভাগ হতে ঋণ পরিশোধের সিডিউল (Negotiated repayment schedule) যাচাই-বাছাই করে সরকার প্রদত্ত সুদ ভর্তুকির জন্য একটি মঞ্জুরীর আদেশ জারী করা হবে। প্রতি মাসের ১ম কর্মদিবসে প্রথম পক্ষের নির্ধারিত ব্যাংক ঋণগ্রহীতাদের মধ্যে যাদের পূর্ববর্তী মাসের বেতন উক্ত ব্যাংকে জমা হয়েছে তাঁদের সুদ ভর্তুকির চাহিদা (EMI অনুযায়ী) তালিকা আকারে (Electronically) অর্থ বিভাগের গৃহ নির্মাণ ঋণ কোষ বরাবর প্রেরণ করবে। গৃহ নির্মাণ ঋণ কোষ উক্ত তালিকা পরীক্ষা-নিরীক্ষান্তে অর্থ ছাড়ের লক্ষ্যে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ বিভাগ বরাবর প্রেরণ করবে। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ বিভাগ উক্ত তালিকা অনুযায়ী প্রয়োজনীয় ভর্তুকির অর্থ ঋণগ্রহীতার সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে EFT করবে।

৩.৫ প্রথম পক্ষ কর্তৃক নির্ধারিত ব্যাংকের হিসাবে সংশ্লিষ্ট কর্মচারীর মাসিক বেতন-ভাতা জমা হলে উক্ত হিসাব হতে ঋণের পূর্ণ কিস্তি আদায়যোগ্য হবে যাতে সংশ্লিষ্ট কর্মচারী কর্তৃক প্রদেয় আসল ও সুদ এবং সরকার প্রদত্ত ভর্তুকি বাবদ সুদের অর্থ অন্তর্ভুক্ত থাকবে। কোন শিক্ষক/কর্মচারী ঋণ গ্রহণ করার পর লিয়েনে গমন করলে লিয়েনকালীন সময়ে তিনি সরকার প্রদত্ত সুদ ভর্তুকি প্রাপ্য হবেন না। এক্ষেত্রে দ্বিতীয় পক্ষ কর্তৃক লিয়েনে গমনকৃত শিক্ষক/কর্মচারীর তথ্য অর্থ বিভাগ এবং প্রথম পক্ষকে লিয়েনে গমনের পূর্বেই অবহিত করতে হবে।

মোঃ আফজাল করিম
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর
সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

মোঃ ছাইফুল ইসলাম
রেজিস্ট্রার
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ।

মোঃ [illegible] রহমান
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৩.৬

i. সুদসহ ঋণের সমুদয় পাওনা পরিশোধের পূর্বেই কোন ঋণগ্রহীতা স্বেচ্ছায় পদত্যাগ করলে বা বাধ্যতামূলক অবসর প্রদান করা হলে তাঁর পেনশন ও আনুতোষিক থেকে প্রথম পক্ষের সমুদয় পাওনা আদায়যোগ্য হবে।

ii. সুদসহ ঋণের সমুদয় পাওনা পরিশোধের পূর্বেই কোন ঋণ গ্রহীতা চাকুরীচ্যুত বা চাকুরী হতে বরখাস্ত হলে আদেশ জারীর তরিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ সরকার কর্তৃক প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে। এক্ষেত্রে দ্বিতীয় পক্ষ কর্তৃক বরখাস্ত/চাকুরীচ্যুত শিক্ষক/কর্মচারীর আগাম তথ্য অর্থ বিভাগ এবং প্রথম পক্ষকে অনতিবিলম্বে অবহিত করতে হবে।

৩.৭

i. কোন কর্মচারী মৃত্যুবরণ করলে সুদের হার অপরিবর্তিত রেখে তার পারিবারিক পেনশন দ্বারা যে পরিমাণ কিস্তি পরিশোধ করা যায় তা সমন্বয় সাপেক্ষে ঋণের অবশিষ্ট অংশ তাঁর প্রাপ্য আনুতোষিক হতে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ii. যদি আনুতোষিক এবং প্রাপ্য পারিবারিক পেনশন দ্বারা সম্পূর্ণ ঋণ পরিশোধ নিশ্চিত না হয় তাহলে, সুদের হার অপরিবর্তিত রেখে তাঁর উত্তরাধিকারীর নিকট হতে অপরিশোধিত টাকা আদায়যোগ্য হবে।

iii. অপরিশোধিত পাওনা আদায়ের জন্য প্রথম পক্ষের প্রচলিত নিয়ম প্রযোজ্য হবে।

৪.০ প্রথম পক্ষ বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসাবে তাঁর নিজস্ব তহবিল হতে দ্বিতীয় পক্ষের অধীন চাকুরীরত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ ঋণ প্রদান কার্যক্রম পরিচালনা করবে।

৫.০ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মচারীদের ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদানের সমুদয় কার্যক্রম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে- অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর বাজেট অনুবিভাগ-১, গৃহ নির্মাণ ঋণ কোষ কর্তৃক ২৬.১২.২০১৯ খ্রিঃ তারিখে জারীকৃত ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ নং পরিপত্র এবং প্রথম পক্ষের যথাযথ পদ্ধতি (Due diligence) অনুযায়ী পরিচালিত হবে। পরবর্তীতে সমঝোতা স্মারক বাস্তবায়নে কোন অস্পষ্টতা দেখা দিলে তা সংশ্লিষ্ট সকলের মধ্যে পারস্পরিক আলোচনার ভিত্তিতে স্পষ্টীকরণ করা হবে।

৬.০ এই সমঝোতা স্মারকের আওতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে- অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক সোনালী ব্যাংক লিমিটেড (SBL) **বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের** শিক্ষক/কর্মচারীদের ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদানের ক্ষেত্রে পূর্বোল্লিখিত নীতিমালা অনুযায়ী বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে নিযুক্ত হলো।

৭.০ এই সমঝোতা স্মারকে লিখিত হয়নি এমন কোন বিষয় ভবিষ্যতে উদ্ভব হলে তা সংশ্লিষ্ট সকলের মধ্যে আলোচনার মাধ্যমে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে ২৬.১২.২০১৯ খ্রিঃ তারিখে জারীকৃত ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ নং পরিপত্রের নিরীখে নিষ্পত্তি করা হবে। তবে, এক্ষেত্রে সরকার তথা অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৮.০ এই সমঝোতা স্মারক পাঠ করে এর মর্মবাণী, ভাবার্থ ও ফলাফল সম্যক অবগত হয়ে স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ শরীরে, অন্যের বিনা প্ররোচনায় স্বাক্ষীগণের উপস্থিতিতে আমরা স্বাক্ষরকারীগণ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত হয়ে এই সমঝোতা স্মারকপত্রে (MoU) স্বাক্ষর করলাম।

| প্রথম পক্ষ | দ্বিতীয় পক্ষ | তৃতীয় পক্ষ |
|---|---|---|
| মোঃ আফজাল করিম<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর<br>সোনালী ব্যাংক লিমিটেড<br>প্রধান কার্যালয়, ঢাকা। | মোঃ সাইফুল ইসলাম<br>রেজিস্ট্রার<br>বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় | মোঃ এখলাছুর রহমান<br>অতিরিক্ত সচিব<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার |

স্বাক্ষীগণঃ

১। Md. Mahtab Hossain
Deputy General Manager
General Advances Division
Sonali Bank Limited
Head Office, Dhaka.

২। মো: রাকিব উদ্দিন
উপ-রেজিস্ট্রার
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

৩। মোছাঃ নাজনীন সুলতানা
উপসচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার